



রঘুনাথপুরে কৃষি পণ্য উৎপাদনে কৃষকদেরকে কীটনাশকের ব্যবহার থেকে বিরত রাখার কর্মসূচি শুরু

গোপালগঞ্জ প্রতিনিধি : গোপালগঞ্জ সদর উপজেলা কৃষি অধিদপ্তর মানবঘাতি রোগ থেকে রক্ষা পাওয়ার জন্য নিরাপদ শাকসবজি ও কৃষি খাদ্য ফসল উৎপাদনের উপর এক কর্মসূচি হাতে নিয়েছে। এ কর্মসূচির আওতায় এ অঞ্চলের কৃষকদের উদ্বুদ্ধ করার জন্য অতি সম্প্রতি জেলার সদর উপজেলা কৃষি অধিদপ্তর রঘুনাথপুর ইউনিয়নের তথা রঘুনাথপুর গ্রামের কৃষকদের মাঝে ব্যাপক উৎসাহ সৃষ্টির লক্ষ্যে কাজ চালিয়ে যাচ্ছেন। এ উপলক্ষ্যে উক্ত রঘুনাথপুর গ্রামে ১,১৫০ টি কৃষি পরিবার নিয়ে ইতোমধ্যে এর মাঠ পর্যায়ের কার্যক্রম শুরু হয়েছে বলে অফিস সূত্রে জানা গেছে। প্রদীপ হালদা, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, রঘুনাথপুর ইউনিয়ন, গোপালগঞ্জ সদর এ প্রতিবেদককে বলে, 'আমরা যদি কীটনাশক ব্যবহারের প্রবণতা মুক্ত করার ক্ষেত্রে কৃষকদের উদ্বুদ্ধ করতে পারি তাহলে রোগ বালাই মুক্ত সুস্থ মানবজাতির আবির্ভাব ঘটবে বলে আমি আশা করি। তিনি আরো বলেন, একটা সুস্থ জাতির আবির্ভাব মানে একটা দেশের জন্য বড় আশির্বাদ এবং দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার কাভারী'। পবন বালা (৪৭), রঘুনাথপুর, চরপাড়া, গোপালগঞ্জ সদর বলেন, 'আমরা আমাদের স্বার্থে তথা আমাদের ভবিষ্যৎ প্রযন্নের স্বার্থে আমরা অবশ্যই মানবঘাতি বা দুরারোগ্য ব্যাধি থেকে রক্ষা পাওয়ার জন্য আমরা আমাদের উৎপাদিত শাক-সবজিসহ সকল প্রকার কৃষিজাত পণ্যের উপর কীটনাশক ব্যবহার থেকে বিরত থাকব। উৎপাদনে এ লক্ষ্য থাকা একান্ত দরকার'। অপর দিকে মাফরোজা আক্তার, উপজেলা কৃষি কর্মকর্তা, গোপালগঞ্জ সদর এ প্রতিবেদককে বলেন, 'গোপালগঞ্জ জেলায় এই-ই প্রথম এ কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। শাক-সবজিসহ অন্যান্য কৃষি উৎপাদিত খাদ্য ফসলের উপর কীটনাশকের ব্যবহার সম্পূর্ণভাবে বর্জন করে নিরাপদ ফসল উৎপাদনে কৃষকদেরকে উদ্বুদ্ধ করা, এ কর্মসূচির মূল লক্ষ্য। তিনি আরো বলেন, এ কর্মসূচির বড় বিজয় হলো দুরারোগ্য ব্যাধি তথা মানবঘাতি রোগ থেকে রক্ষা পাওয়া'। এ ব্যাপারে আব্দুল কাদের সরদার, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গোপালগঞ্জ এ বিষয়টি নিয়ে আলাপ করলে তিনি এ প্রতিবেদককে বলেন, 'নিরাপদ (কীটনাশক মুক্ত) শাক-সবজিসহ অন্যান্য কৃষি খাদ্য পণ্য থেকে মানবঘাতি রোগ থেকে রক্ষা পেতে হলে এর বিকল্প নেই'। সেক্ষেত্রে নিরাপদ শাক-সবজি উৎপাদন তথা নিরাপদ কৃষি খাদ্য ফসল উৎপাদনে কৃষকদেরকে অবশ্যই কীটনাশকের ব্যবহার থেকে বিরত রেখে কীটনাশকমুক্ত কৃষি সমাজ গড়ে তুলতে হবে।